

“ নীচু স্বরে উঁচু কথা ” বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠান



সমাজের আলোচিত নানা বিষয়ের নিবন্ধ নিয়ে ড. সা'দত হুসাইনের নতুন বই “ নীচু স্বরে উঁচু কথা ” প্রকাশিত হয়েছে। নিবন্ধগুলো দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় ছাপা হয়েছিল মনের কোণে হীরে-মুক্তো' শিরোনামে। বইটির প্রকাশক প্রকৃতি। এতে রাজনৈতিক-সামাজিক, অর্থনৈতিক ও সাহিত্য-দর্শন এই তিন বিভাগে ৫০টি কলাম/নিবন্ধ স্থান পেয়েছে। বইটির লেখক ২০১১ সালের ৩১ ডিসেম্বর থেকে গত সাত বছরে পাক্ষিক কলামে ১৩০টি উপসম্পাদকীয় লিখেছেন। এই লেখা থেকে নির্বাচিত লেখা নিয়ে বইটি সংকলন করেছেন তিনি। বিগত ২২/০৬/২০১৯ তারিখ শনিবার পূর্বাহ্নে রাজধানীর ফার্মগেটেস্ট বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি'র (বিএসটিডি) সভা কক্ষে বইটির মোড়ক উন্মোচন করা হয়। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাহিত্যিক ও বাংলাদেশ বিনিয়োগ বোর্ডের সাবেক চেয়ারম্যান ড. এস এ, সামাদ। লেখক বইটি উৎসর্গ করেছেন তাঁর কনিষ্ঠতম বংশধর সাবাহাত সা'দত আরাজকে। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ব্রেক্ট এর গবেষণা উপদেষ্টা বেগম তাহামিন বানু। বইয়ের মোড়ক উন্মোচনের পর আলোচনায় অংশ নেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব এ কে এম আব্দুল আউয়াল মজুমদার, মাধ্যমিক উচ্চ শিক্ষার সাবেক মহাপরিচালক প্রফেসর মোঃ আব্দুর রশীদ, আইপি থ্রি এর নির্বাহী পরিচালক জনাব রাহাত সাইফুল হক, বার্ড এর সাবেক মহাপরিচালক বেগম সালেহা বেগম, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব ড. সৈয়দ নকীব মুসলিম, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব মাহবুব আলম, বিএসটিডি'র যুগ্ম-মহাসচিব আলহাজ্ব বিলকিস বেগম ও আরো অনেকে। এছাড়া বইটির কিছু অংশ পড়ে শোনান বিএসটিডি'র মহাসচিব জনাব এম খায়রুল কবীর, আইপিএলডি এর সহকারী নির্বাহী কর্মকর্তা বেগম সালমা বেগম, বিআইডিএস এর রিসার্চ এসোসিয়েট বেগম সিবানা শাহানা, বিএসটিডি'র কোষাধ্যক্ষ বেগম নুরনন নেসা বেগম প্রমুখ। বইটির বিষয়ে ড. সা'দত হুসাইন বলেন, নিবন্ধগুলো আমাদের সমাজের বহুল আলোচিত বিষয়ের উপর লেখা। বেশ কিছু লেখা সর্বজনীনতার ছোঁয়া পেয়েছে। এই লেখাগুলো বিগত ৫০ ও ৬০ বছরের বাঙালি সমাজের সঠিক তথ্য উপস্থাপিত হয়েছে। ড. এস এ সামাদ বলেন, বইটির প্রবন্ধে সমাজের বহুল আলোচিত বিষয়গুলো বস্তুনিষ্ঠভাবে তুলে ধরা হয়েছে। রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক বিষয় নিয়ে নিবন্ধগুলো সুলিখিত, প্রাণবন্ত ও চিন্তাকর্ষক। এই বইয়ের ঐতিহাসিক মূল্য অনেক বেশি।